7

আজকের কাগজ

তারিখ 10 MAR 1996

পৃষ্ঠা ৮ কলাম ৮

### শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচি-হালুয়াঘাট

# শিক্ষকরা গম নিয়ে ব্যস্ত থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে

**মৃদুল রায় :** ময়মনসিংহ জেলার হালুয়াঘাট থানায় সরকারের শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচি ভেস্তে যেতে বসেছে। ইতিমধ্যে এ কর্মসূচি নিয়ে নানা অভিযোগ উঠেছে। জনমনে দেখা দিয়েছে নানা প্রশ্ন। ফলে এ কর্মসূচির মূল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। ২০০০ সাল নাগাদ সবার জন্যে শিক্ষা নিশ্চিত করার জন্যে চালু এ কর্মসূচিতে দুর্নীতি, অনিয়ম ও অব্যবস্থা চলছে বলে অনেক সংশ্লিষ্টের মন্তব্য। অভিযোগ উঠেছে, গম বিতরণ ও খাতাপত্র সংরক্ষণের কাজে ব্যস্ত থাকায় শিক্ষকরা শিক্ষাঙ্গনে অমনোযোগী হয়ে পড়েছেন। পাশাপাশি গমের আশায় স্কুলে আসা শিশুদের চাপে শ্রেণী কক্ষে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। শিক্ষকরা শিক্ষাদানের বদলে খাদ্য (গম) বিতরণ ও এ সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণে অধিক সময় নিয়োজিত থাকায় পাঠদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। কিছু কিছু ক্ষেত্রে শিক্ষক ও কমিটির বিরুদ্ধে অভিযোগ উঠেছে। হালুয়াঘাটে প্রকল্পের আওতাধীন স্কুলগুলোতে অনুসন্ধান চালিয়ে দেখা যায়, অধিকাংশ স্কুলের শিক্ষকরা দুর্নীতিতে জড়িয়ে পড়েছেন। ছাত্ররা বয়স কমিয়ে শুধুমাত্র গমের জন্যে স্কুলে ভর্তি হচ্ছে। সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, প্রতিটি স্কুলের দু'জন শিক্ষককে প্রতিমাসে গম উত্তোলনের জন্যে থানা পরিষদে দৌড়াতে হয়। ডিও নেয়া থেকে শুরু করে গম উত্তোলন ও মাস্টাররোল দাখিল পর্যন্ত সরকারি বিধিমালা অনুযায়ী কাজ করতে হয়। ফলে এসব শিক্ষকদের শিক্ষা কার্যক্রমে অংশ নেয়া সম্ভব হয়ে উঠে না অধিকাংশ সময়ই। এ ছাড়াও গম উত্তোলন প্রক্রিয়ায় বিভিন্ন খরচ সংকুলানে নানা দুর্নীতি ও অনিয়মের অভিযোগ রয়েছে। বস্তা বিক্রির অর্থ দিয়ে গম পরিবহনের খরচ সংকুলানের নিয়ম রাখা হয়েছে। অন্যান্য খরচের জন্যে ব্যবস্থা না থাকায় গমের একটি অংশ প্রতি মাসে বিক্রি করতে হয় বলে জানা যায়। অনেক ছাত্র-ছাত্রী আছে যারা শুধুমাত্র গমের জন্যে স্কুলে ভর্তি হয়েছে। এ ব্যাপারে স্কুলের শিক্ষকরা অবৈধভাবে তাদের হাজিরা খাতায় উপস্থিতি দেখাচ্ছেন। থানা শিক্ষা অফিস থেকে এ ব্যাপারে তদারকি ব্যবস্থা থাকলেও সংশ্লিষ্ট কর্মকর্তারা এ কার্যক্রমে প্রায় সময়ই অংশ নেন না।